



তারিখ : ১৭/০৬/২০১৯ খ্রি.

স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৯-২২৪৪(৬)


বিষয় : ঢাকা জেলার ইস্পাহানী ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার হস্তান্তরকরণ প্রসঙ্গে।

সূত্র : (১) স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭-২৪৫ তারিখ : ১২/০৬/২০১৮ খ্রি.

(২) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১ তারিখ : ১৩/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখে জারিকৃত জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ অনুযায়ী “বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না”। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩/০৫/২০১৯ খ্রি. তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১ নং পত্রে ৬০ বছর উত্তীর্ণ হওয়ার পর দায়িত্বপালনরত শিক্ষক-কর্মচারীকে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে দায়িত্ব হস্তান্তরে জন্য নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রণালয়ের পরিপত্র এবং মাউশির নির্দেশনা জারির পরও ঢাকা জেলার সদ্য জাতীয়করণকৃত ইস্পাহানী ডিগ্রি কলেজে ৬০ বছর পরও উপাধ্যক্ষ জনাব আবতাব উদ্দিন ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন মর্মে অভিযোগ পাওয়া যায়।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখের পরিপত্র মোতাবেক জনাব আবতাব উদ্দিন এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের সুযোগ না থাকায় অধ্যক্ষ পদ থেকে অব্যহতি এবং জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: এনামুল হক হাওলাদার)
উপপরিচালক (কলেজ-২)
ফোন নং ৯৫৫৭৬৯১

ই-মেইল : ncollege@dshe.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
কেরানীগঞ্জ, ঢাকা।

বিতরণ:

- ০১। জেলা প্রশাসক, ঢাকা;
- ০২। উপপরিচালক(কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেরানীগঞ্জ, ঢাকা;
- ০৪। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লি. জিনজিরা শাখা, কেরানীগঞ্জ, ঢাকা;
- ০৫। জনাব আবতাব উদ্দিন, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, ইস্পাহানী ডিগ্রি কলেজ, কেরানীগঞ্জ, ঢাকা;
- ০৬। সংরক্ষণ নথি।